মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম মন্ত্রণালয়

২০২০ সালের সবচেয়ে নিকৃষ্ট ধরণের শিশু শ্রমের বিষয়ে প্রাপ্ত তথ্য সমূহ

বাংলাদেশ

২০২০ সালে, শিশুশ্রমের সবচেয়ে নিকৃষ্টতম ধরণগুলি বিলুপ্তির প্রয়াসে বাংলাদেশ একটি মধ্যম পর্যায়ের উন্নতি করেছে। সরকার ২০২১ থেকে ২০২৫ পর্যন্ত শিশুশ্রম নির্মূলের জাতীয় কর্মপরিকল্পনাটি বাস্তবায়নের মেয়াদ বৃদ্ধি করেছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বিপজ্জনক কাজের তালিকার একটি হালনাগাদ খসড়া তৈরি করেছে, যা গ্রহণ করা হলে মাছ শুকানোর বিষয়টিও যোগ করা হবে। এছাড়াও, সরকার মানব পাচারের মামলাগুলি পরিচালনা করার জন্য সাতটি মানব পাচার বিরোধী ট্রাইব্যুনাল গড়ে তুলেছে এবং তাতে অর্থায়ন করেছে। যাইহোক, বাংলাদেশের শিশুরা শুকনো মাছ ও ইট উৎপাদনে জোরপূর্বক শিশুশ্রম সহ শিশুশ্রমের সবচেয়ে নিকৃষ্ট ধরণগুলির শিকার হয়ে থাকে। শিশুরা পোশাক এবং চামড়াজাত সামগ্রী সরবরাহের একই ধরনের কর্মস্থলগুলিতে বিপজ্জনক কাজ করে থাকে। বাংলাদেশ শ্রম আইন অনানুষ্ঠানিক খাতের জন্য প্রযোজ্য নয়, যেখানে বাংলাদেশের অধিকাংশ শিশুশ্রমের ঘটনাগুলি ঘটে থাকে। শিশুশ্রমের লঙঘনগুলির জন্য শুধুমাত্র একটি দীর্ঘ আইনি প্রক্রিয়ার পরেই শাস্তি আরোপিত হতে পারে এবং যখন আদালতগুলি তাদের উপর এই শাস্তি আরোপ করে, তখন পরিলক্ষিত হয় যে শিশুশ্রম আইন লঙঘন রোধের জন্য আরোপ করা এই জরিমানিটি নিতান্তই কম। তাছাড়া, সরকার শিশুশ্রম সম্পর্কিত তাদের অপরাধ সংক্রান্ত আইন প্রয়োগের প্রচেষ্টার তথ্যগুলি জন-সমক্ষে প্রকাশ করেনি।

শিশুশ্রম নির্মূল করার জন্য সরকারের সুপারিশকৃত পদক্ষেপ সমূহ

উপরোক্ত প্রতিবেদনের উপর ভিত্তি করে, প্রস্তাবিত অ্যাকশনগুলি চিহ্নিত করা হয়েছে যা বাংলাদেশে শিশুশ্রম নির্মূল করার কাজটই এগিয়ে নিয়ে যাবে।

শিশুশ্রম নির্মূল করার জন্য সরকারের প্রস্তাবিত কর্মোদ্যোগ সমূহ		
ক্ষেত্র	সুপারিশকৃত কর্মোদ্যোগ সমূহ	সুপারিশকৃত বছর সমূহ
আইনগত কাঠামো	সংশোধিত গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিগুলি প্রতিফলিত করার জন্য জাতীয় আইন সংশোধন করা।	২০১৮ -২০২০

শিশুশ্রম নির্মূল করার জন্য সরকারের প্রস্তাবিত কর্মোদ্যোগ সমূহ		
ক্ষেত্র	সুপারিশকৃত কর্মোদ্যোগ সমূহ	সুপারিশকৃত বছর সমূহ
	গৃহস্থলি কাজ সহ, রাস্তায় এবং ক্ষুদ্রাকার কৃষিক্ষেত্রে, অনানুষ্ঠানিক কাজের খাতগুলিতে কাজ করা শিশুদের জন্য আইনটির ন্যুনতম বয়সের সুরক্ষাটি বর্ধিত করা।	২০০৯ – ২০২০
	নিশ্চিত করা যে শিশুদের জন্য বিপজ্জনক ধরণের কাজগুলি যেন সমন্বিতভাবে নিষিদ্ধ করার ব্যবস্থা নেয়া হয়, সুনির্দিষ্টভাবে তৈরি পোশাক এবং মাছ শুকানোর বিষয়গুলিকে অন্তর্ভুক্ত করার মধ্য দিয়ে।	২০১৬ – ২০২০
	পর্নোগ্রাফি বা অশ্লীল ছবি নির্মাণ করার কাজে অভিনয় করার জন্য শিশুদেরকে ব্যবহারের উপর ফৌজদারি নিষেধাজ্ঞা প্রতিষ্ঠা করা।	২০১৫ – ২০২০
	অবৈধ কার্যকলাপে শিশুদেরকে ব্যবহারের উপর ফৌজদারি নিষেধাজ্ঞা প্রতিষ্ঠা করা, বিশেষ করে মাদক দ্রব্য উৎপাদনে।	২০১৫ – ২০২০
	রাষ্ট্রহীন সশস্ত্র সংগঠন দ্বারা ১৮ বছরের কম বয়সী শিশুদের সংগ্রহ করার কাজে ফৌজদারি নিষেধাজ্ঞা প্রতিষ্ঠা করা।	২০১৬ – ২০২০
	নিশ্চিত করা যে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষা বাধ্যতামূলক এবং কাজ করার ন্যূনতম বয়সের সাথে সেটাকে সামঞ্জস্যপূর্ণ করে নেয়া।	২০১২ – ২০২০
কার্যকরীকরণ	. শিশু শ্রম আইন লঙঘনের জন্য জরিমানা মূল্যায়নে নেওয়া সময়সীমা হ্রাস করা সহ শ্রম আইন লঙঘনের জন্য আদালতে তলব এবং জরিমানা কার্যকরীকরণ নিশ্চিত করা, এবং শিশুশ্রম আইন লঙঘনের জন্য শাস্তি বৃদ্ধি করা যা কিনা আইন ভঙ্গের বিরুদ্ধে পর্যাপ্ত প্রতিরোধক হিসাবে কাজ করে।	২০১৪ – ২০২০
	আই.এল.ও- এর প্রযুক্তিগত পরামর্শগুলি পূরণ করার জন্য শ্রম পরিদর্শকদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা।	২০০৯ – ২০২০
	নিশ্চিত করা যে অঘোষিতভাবে শ্রম পরিদর্শনে যাওয়া এবং পরিদর্শনগুলি রাতের শিফট চলাকালীণ সময়েও পরিচালনা করা।	২০১৩ – ২০২০

শিশুশ্রম নির্মূল করার জন্য সরকারের প্রস্তাবিত কর্মোদ্যোগ সমূহ		
ক্ষেত্র	সুপারিশকৃত কর্মোদ্যোগ সমূহ	সুপারিশকৃত বছর সমূহ
	শ্রম ও অপরাধমূলক আইনগুলি কার্যকরীকরণের জন্য প্রক্রিয়া তৈরি করা যাতে শিশুশ্রমের সাথে জড়িত শিশুদেরকে উপযুক্ত আইনি ও সামাজিক সেবা প্রাপ্তির জন্য যথাযথ স্থানে পাঠানো যায়।	২০১৩ – ২০২০
	নিশ্চিত করা যে ,বয়সের নথিপত্রগুলি জালিয়াতি করা হয়েছে কিনা তা যাচাইকরণের পদ্ধতিগুলি উপেক্ষা করার জন্য আইন প্রয়োগকারী কর্মীরা ঘুষ গ্রহণ করে থাকলে তা তদন্ত করা, বিচার করা এবং দোষী সাব্যস্ত করা, যা শিশুদের বাণিজ্যিকভাবে যৌন কাজ ব্যবহার করা সহ শিশুশ্রমের সবচেয়ে নিকৃষ্ট ধরণের অপরাধ রোধে অবদান রাখবে।	২০১৯ – ২০২০
	প্রশিক্ষণ, তদন্তের সংখ্যা, প্রাপ্ত লঙ্ঘন সমূহ, বিচার-কার্যের সূচনা হওয়া, দোষী সাব্যস্ত করা এবং শিশুশ্রমের সবচেয়ে নিকৃষ্ট ধরনগুলি সম্পর্কিত লঙ্ঘনের জন্য আরোপিত জরিমানা সহ ফৌজদারি আইন প্রয়োগের সাথে সম্পর্কিত এরকম তথ্যগুলি প্রকাশ করা।	২০১২ – ২০২০
	মানব পাচার, জোরপূর্বক বাধ্য শ্রম, এবং শিশুদেরকে বাণিজ্যিকভাবে যৌন কাজে ব্যবহারের সাথে জড়িত লঙ্ঘনগুলিকে কার্যকরভাবে দমন করার জন্য আইন প্রয়োগকারীদেরকে পর্যাপ্ত আর্থিক ও প্রযুক্তিগত সম্পদ প্রদান করা।	২০১৪ – ২০২০
সমন্বয় করা	নিশ্চিত করা যে জাতীয় শিশু শ্রমিক কল্যাণ পরিষদটি কার্যকরভাবে কাজ করছে।	২০২০
	নিশ্চিত করা যে পাচার বিরোধী কমিটিগুলি পর্যাপ্ত পরিমান তহবিল সহ কাজ করতে সক্ষম ,এবং এই প্রচেষ্টার মধ্যে অন্তর্ভুক্ত দেখা-শুনা করা এবং জানানোর কাজগুলি।	২০১৯ – ২০২০
	মানব পাচারের শিকারদের যথাসময়ে প্রত্যাবাসন নিশ্চিত করার জন্য উদ্ধার, পুনরুদ্ধার, প্রত্যাবাসন এবং একত্রীভুত করার টাস্ক ফোর্সের সাথে কার্যকরভাবে সমন্বয় করা।	২০১৮ – ২০২০
	নিশ্চিত করা যে সমস্ত সমন্বয়কারী সংস্থাগুলি তাদের অভীষ্ট আদেশগুলি সম্পাদন করতে সক্ষম।	২০২০

শিশুশ্রম নির্মূল করার জন্য সরকারের প্রস্তাবিত কর্মোদ্যোগ সমূহ		
ক্ষেত্র	সুপারিশকৃত কর্মোদ্যোগ সমূহ	সুপারিশকৃত বছর সমূহ
সরকারি নীতিমালা	নিশ্চিত করা যে শিশুশ্রম নির্মূলের জাতীয় কর্মপরিকল্পনা বা অ্যাকশান প্ল্যানটি স্বচ্ছতার সাথে বাস্তবায়িত হওয়া।	২০২০
	জাতীয় শিক্ষানীতিতে শিশুশ্রম নির্মূল ও প্রতিরোধ কৌশলগুলিকে একত্রীভুত করা।	২০১৪ – ২০২০
	মানব পাচার প্রতিরোধ ও দমনের জন্য জাতীয় কর্মপরিকল্পনার পূর্ণ বাস্তবায়নে পর্যাপ্ত অর্থায়ন নিশ্চিত করা, বিশেষ করে ঘটনার শিকারদের সুরক্ষার ব্যবস্থাগুলির জন্য।	২০২০
	প্রতিবেদন দেয়ার সময়কালে শিশুশ্রম মোকাবেলায় শিশুশ্রম সম্পর্কিত মূল নীতি বাস্তবায়নের জন্য গৃহীত কার্যক্রমগুলি প্রকাশ করা।	২০২০
সামাজিক কর্মসূচি সমূহ	শিশুশ্রমে নিয়োজিত পথশিশুদের পুনর্বাসন করে সেসব কর্মসূচিগুলি বাস্তবায়ন করা এবং তাদেরকে স্কুলে ভর্তি করা।	২০২০
	রোহিঙ্গা শরণার্থী শিশুদের জন্য পর্যাপ্ত শিক্ষা সেবা প্রদান করা, তাদের স্কুলের উপস্থিতির প্রতিবন্ধকতাগুলি দূর করা এবং শিশু শ্রম কর্মকান্ডে শিশুদের সম্পৃক্ততা হ্রাস করার জন্য তাদের আওতাভুক্ত কর্মসূচিগুলির বাস্তবায়ন করা।	২০১৭ – ২০২০
	ইনফরমাল বা অনানুষ্ঠানিক পোশাক শিল্প, চামড়া এবং মাছ শুকানোর শিল্পে শিশুশ্রম মোকাবেলায় কর্মসূচী প্রস্তুত করা ও বাস্তবায়ন সহ শিশুশ্রম সমস্যার পরিধির জন্য কর্মসূচি সম্প্রসারণ করা।	২০১৬ – ২০২০
	নিশ্চিত করা যে বিপজ্জনক শিশুশ্রম নির্মূলকরণের চতুর্থ পর্যায়টির বাস্তবায়ন সম্পন্ন।	২০২০
	নিশ্চিত করা যে চাইল্ড হেল্প লাইন এবং অন্যান্য হেল্প লাইনগুলির কার্যকরভাবে কাজ করা।	২০২০

শিশুশ্রম নির্মূল করার জন্য সরকারের প্রস্তাবিত কর্মোদ্যোগ সমূহ		
ক্ষেত্র	সুপারিশকৃত কর্মোদ্যোগ সমূহ	সুপারিশকৃত বছর সমূহ
	প্রতিবেদনের সময়কালে শিশুশ্রম মোকাবেলায় সামাজিক কর্মসূচি বাস্তবায়নের জন্য গৃহীত কার্যক্রমগুলি প্রকাশ করা।	২০২০